ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি:/রেজি:/প্রশা:/গভ:/২০২০/১৫৮৮ তারিখ: ১১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

(গ) এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে নিম্নে উল্লিখিত কাগজপত্রাদি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

১. মাদরাসার নিজস্ব প্যাডে আবেদনপত্র (স্মারক, তারিখ, মোবাইল নম্বর ও ইমেইল উল্লেখসহ অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক স্বাক্ষরিত);

২. বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে সভাপতি (০৩ জন) ও বিদ্যোৎসাহী প্রতিনিধির (০৩ জন) নাম, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, পেশা ও সামাজিক কর্মকান্ড প্রস্তাব করতে হবে (সভাপতি হিসেবে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক এবং বিদ্যোৎসাহী হিসেবে জেলা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হলে নির্ধারিত ফরমে ০১ জন করে প্রস্তাব দিতে হবে);

৩. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল ও কামিল মাদরাসার এডহক কমিটির প্রস্তাবিত সভাপতির (জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক ব্যতীত) শিক্ষাগত যোগ্যতা কামিল/স্নাতকোত্তর (যার বয়স ন্যূনতম ৪০) ও বিদ্যোৎসাহীর শিক্ষাগত যোগ্যতা ফাজিল/সমমান হতে হবে এবং প্রস্তাবনা ব্যক্তিদের শিক্ষাগত যোগ্যতার সর্বশেষ সনদ ও জাতীয় পরিচয় পত্রে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে;

৪. প্রস্তাবিত সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধিগণের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র;

৫. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বেসরকারি মাদরাসাসমূহের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের চাকরির শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০২৫ (সংশোধিত) এর ১২ (ক) ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদরাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬ এর ১৩ অনুযায়ী ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অর্পণ করা হলে দায়িত্ব অর্পণের কার্যবিবরণী ও সভাপতি কর্তৃক দায়িত্ব প্রদানের পত্র এবং সর্বশেষ এমপিও কপি দাখিল করতে হবে;

৬. মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)/উপাধ্যক্ষ/সভাপতি ও মাদরাসার গভর্নিং বডির নির্বাচন সংক্রান্ত কোন ব্যক্তির পক্ষে/বিপক্ষে বিচারাধীন মামলা না থাকলে মামলা ও অভিযোগ নেই মর্মে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র;

৭. মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)/উপাধ্যক্ষ/সভাপতি ও মাদরাসার গভর্নিং বডির নির্বাচন সংক্রান্ত কোন ব্যক্তির পক্ষে/বিপক্ষে বিচারাধীন মামলা থাকলে মামলা সংক্রান্ত সকল কাগজপত্র দাখিল করতে হবে;

৮. এডহক কমিটি গঠনের সুনির্দিষ্ট কারণ উল্লেখসহ লিখিত ব্যাখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে);

৯. মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক শিক্ষক প্রতিনিধি নির্বাচন এবং সভাপতি কর্তৃক প্রতিষ্ঠাতা প্রতিনিধি মনোনয়ন/নির্বাচন সম্পন্ন করতে হবে (প্রতিষ্ঠাতা প্রতিনিধি পদ শূন্য থাকলে দাতা প্রতিনিধি মনোনয়ন/নির্বাচন সম্পন্ন করে দাখিল করতে হবে);

১০. বিশ্ববিদ্যালয় কর্তৃক পূর্বের গভর্নিং বডি/এডহক কমিটির অনুমোদন কপি (যদি থাকে);

১১. এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন অনুমোদনের জন্য =২,০০০/- (দুই হাজার) টাকার জমা রশিদের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;

১২. বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ অধিভুক্তি নবায়নের কপি/অধিভুক্তি নবায়নের জন্য বিশ্ববিদ্যালয়ে দাখিলকৃত আবেদনের কপি;

১৩. বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত মাদরাসাসমূহের গভর্নিং বডি ও এডহক কমিটি সংক্রান্ত তৃতীয় সংবিধি-২০২৩ মোতাবেক কমিটি গঠনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২৭.১০.২৬

(অধ্যাপক ড. এ. কে. মুহা. নুরুল ইসলাম)
রেজিস্ট্রার (অ.দা.)
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
ঢাকা

বরাবর
রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিষয়: এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের আবেদন।

১। মাদরাসার নাম ও ঠিকানা: .....

২। EIIN নম্বর:.....৩। মোবাইল নম্বর: .....৪। ই-মেইল:.....

৫। গভর্নিং বডি/এডহক কমিটির মেয়াদ:.....হতে.....পর্যন্ত।

৬। প্রাথমিক পাঠদান/অধিভুক্তি নবায়নের মেয়াদ: .....হতে.....পর্যন্ত।

৭। সভাপতি পদে প্রস্তাবিত ব্যক্তিগণের নামের তালিকা (ভাইস-চ্যান্সেলর অধ্যক্ষের প্রস্তাবিত তালিকার মধ্য থেকে অথবা অন্য কোন যোগ্য ব্যক্তিকে মনোনয়ন প্রদান করবেন):

ক্রম	নাম, ঠিকানা, পেশা, পদবী ও সামাজিক কর্মকান্ড (আবশ্যিক)	বয়স (ন্যূনতম ৪০)	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম কামিল/স্নাতকোত্তর)
০১			
০২			
০৩			

৮। বিদ্যোৎসাহী প্রতিনিধি পদে প্রস্তাবিত ব্যক্তিগণের নামের তালিকা (ভাইস-চ্যান্সেলর অধ্যক্ষের প্রস্তাবিত তালিকার মধ্য থেকে অথবা অন্য কোন যোগ্য ব্যক্তিকে মনোনয়ন প্রদান করবেন):

ক্রম	নাম, ঠিকানা, পেশা, পদবী ও সামাজিক কর্মকান্ড (আবশ্যিক)	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম ফাজিল/স্নাতক)
০১		
০২		
০৩		

৯। অন্যান্য তালিকা:

পদবী	নাম, ঠিকানা, পেশা ও সামাজিক কর্মকান্ড (আবশ্যিক)
সদস্য সচিব	
শিক্ষক প্রতিনিধি (নির্বাচিত)	
প্রতিষ্ঠাতা/দাতা (সভাপতি কর্তৃক মনোনীত/ নির্বাচিত)	

উপরোক্ত প্রস্তাব অনুযায়ী এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করছি।

অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
(নাম সম্বলিত সিলসহ স্বাক্ষর)
তারিখ: .....

অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।